# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৩১

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পূর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ নির্দিষ্ট কারণে জানাযা নিয়ে দ্রুত চলার নির্দেশ প্রসঙ্গে বর্ণনা

## ذِكْرُ الْأَمْرِ بِالْإِسْرَاعِ فِي السَّيْرِ بِالْجَنَائِزِ لِعِلَّةٍ معلومة

আরবী

3031 ـ أَخْبَرَنَا حَامِدُ بْنُ مُحَمَّدِ بْنِ شُعَيْبٍ قَالَ: حَدَّثَنَا سُرَيْجُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنِ الزُّهْرِيِّ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيِّبِ عَنْ أَبِي هُرَيْرَةَ ـ يَبْلُغُ بِهِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ قَالَ: (أَسْرِعُوا بِجَنَائِزِكُمْ فَإِنْ تَكُ خَيْرًا تُقَدِّمُونَهَا إِلَيْهِ وَإِنَّ تَكُ شَرًّا تَضَعُونَهَا عن رقابكم)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3031 | خلاصة حكم المحدث: صحيح ـ ((ابن ماجه)) (1477): ق.

বাংলা

৩০৩১. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা তোমাদের জানাযার বিষয়ে দ্রুততা অবলম্বন করবে। যদি সে ভালো হয়ে থাকে, তবে তোমরা তাকে সেদিকে পাঠিয়ে দিলে আর যদি সে মন্দ হয়, তবে তোমরা তাকে তোমাদের কাঁধ থেকে রেখে দিলে।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৪০; সহীহ মুসলিম: ৯৪৪; তিরমিযী: ১০১৫; ইবনু মাজাহ: ১৪৭৭; হুমাইদী: ১০২২; নাসাঈ: ৪/৪১-৪২; আবূ দাঊদ: ৩১৮১; ইবনুল জারূদ: ৫২৭; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/৪৭৮; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৪৩।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইবনু মাজাহ: ১৪৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92361

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন